বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ,ঢাকা
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং ঃ ৯৫৬০৫৬৩
৪৭১১০৬৭৭
ই-মেইল ঃ dgmtrade@krishibank.org.bd

আঃবাঃবিঃ ১৩(৪)/২০১৮-১৯/ ১২১০ তারিখ ২০-০২-২০১৯

হজ সর্বোচ্চ অগ্রাধিকার

বিষয় ঃ সরকারী ব্যবস্থাপনায় ২০১৯ সনের পবিত্র হজ পালন করতে আগ্রহী হজ গমনেচ্ছু যাত্রীগণের প্রাক নিবন্ধন, নিবন্ধন এবং বাড়ী ভাড়া, বিমান ভাড়া ও অন্যান্য খরচের টাকা গ্রহন প্রসংগে।

সৌদি আরবে চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১০ আগস্ট, ২০১৯ খ্রিঃ ৯ জিলহজ ১৪৪০ হিজরি তারিখে এ বছরে সৌদি আরবে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। এতদ বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক জারীকৃত হজ নীতিমালা (হজ প্যাকেজ ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ) সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

০২। ২০১৯ সনে সরকারী ব্যবস্থাপনায় হজ যাত্রীগণের জন্য জন প্রতি প্যাকেজ নং-১ এ মোট খরচ ৪,১৮,৫০০.০০ (চার লক্ষ আঠার হাজার পাঁচশত) টাকা মাত্র এবং জন প্রতি প্যাকেজ নং-২ এ মোট খরচ ৩,৪৪,০০০.০০ (তিন লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা মাত্র নির্ধারণ করা হয়েছে । এ ছাড়াও প্রত্যেক হজ যাত্রীকে (প্যাকেজ নং-১ এবং প্যাকেজ নং-২) কুরবানি খরচ বাবদ অতিরিক্ত ৫২৫ (পাঁচশত পচিঁশ) সৌদি রিয়াল সমপরিমান ১১৮১২.০০ (এগার হাজার পাঁচশত বার) টাকা পৃথকভাবে সংগে নিতে হবে।

০৩। আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে , সাময়িক বিরতির পর হজ আমানত সংগ্রহসহ হজ সংক্রান্ত যাবতীয় সেবামূলক কার্যক্রমের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংককে পুনরায় মনোনীত করা হয়েছে । জাতীয় হজনীতি-২০১৯ অনুযায়ী প্রথমবারের মত হজে গমনেচ্ছু ব্যক্তিদের নির্ধারিত সময়ের মধ্যে প্রাক নিবন্ধন সম্পন্ন করতে হবে। সরকারী ব্যবস্থাপনায় হজে যেতে ইচ্ছুক ব্যাক্তিগণ জেলা প্রশাসক, ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি), ঢাকাস্থ হজ অফিস ও ইসলামিক ফাউন্ডেশন হতে হজের প্রাক নিবন্ধন করতে পারবেন। হজ যাত্রীগন অথবা তাদের প্রতিনিধি প্রাক নিবন্ধনের প্রাথমিক পর্যায়ে হজনীতিতে বর্নিত স্থান সমূহ হতে ট্র্যাকিং নম্বর সম্বলিত একটি প্রিন্টেড ফরম সংগ্রহ করবেন। পরবর্তীতে ব্যাংকে উপস্থাপিত ফরমে প্রদত্ত ট্র্যাকিং নম্বর দিয়ে ধর্ম বিষয়ক মন্ত্রনালয়ের প্রাক নিবন্ধন ব্যবস্থায় অনলাইনে ফরমটির সত্যতা ও জাতীয় পরিচয়পত্র /জন্ম নিবন্ধন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমোদিত সংশ্লিষ্ঠ কর্মকর্তা কর্তৃক যাচাই করবে এবং তথ্য ঠিক থাকলে টাকা গ্রহন করবে। সরকার ধার্যকৃত ফি ও অগ্রীম জামানত অনুমোদিত ব্যাংকে জমাদানের পর সংশ্লিষ্ট ব্যাংক ধর্ম বিষয়ক মন্ত্রনালয়ের প্রাক নিবন্ধন ব্যাবস্থায় উক্ত হজ যাত্রীর টাকা প্রদানের নিশ্চয়তা প্রদান করলে সার্ভার হতে হজ যাত্রীকে স্বয়ংক্রিয়ভাবে একটি প্রাক নিবন্ধন ক্রমিক নম্বর দেয়া হবে। **হজ যাত্রীর মোবাইলে এসএমএস এর মাধ্যমেও প্রাক-নিবন্ধন নিশ্চিত করা হবে।** ব্যাংক হজ যাত্রীকে প্রাক নিবন্ধনের ক্রমিক নম্বরের একটি প্রিন্টি আউট অনলাইন থেকে প্রিন্ট করে দিবে। এ কাজটি হজ যাত্রীর নিকট হতে টাকা জমা গ্রহনের সময়েই করতে হবে। পরবর্তীতে ব্যাংকে প্রদর্শনের জন্য উক্ত কপিটি যত্ন সহকারে রাখার জন্য আবেদনকারীকে পরামর্শ প্রদান করতে হবে। প্রাক নিবন্ধন সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি www.hajj.gov.bd ওয়েব সাইট থেকে জানা যাবে।

০৪। জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ অনুযায়ী প্রাক নিবন্ধন ক্রমিক নম্বর প্রাপ্ত হজযাত্রী গণের মধ্যে যারা সরকারী ব্যবস্থাপনায় গমন করবেন তারা উভয় প্যাকেজের ক্ষেত্রে প্রাক নিবন্ধনের জন্য প্রদত্ত অগ্রীম জামানত ২৮,০০০.০০ (আটাশ হাজার) টাকা (সমন্বয়যোগ্য) ও প্রাক নিবন্ধন ফি ২০০০.০০(দুই হাজার) টাকা (সমন্বয়যোগ্য নহে) অর্থৎ মোট ৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা) প্রথম ধাপে জমা প্রদান করে প্রাক নিবন্ধিত হবেন এবং অবশিষ্ঠ টাকা আগামী ০৫/০৩/২০১৯ তারিখের মধ্য জমা প্রদান করতে হবে। এ ক্ষেত্রে সরকার মনোনীত ব্যাংকসমূহ ধর্ম বিষয়ক মন্ত্রনালয়ের নিবন্ধন সিষ্টেমে উক্ত অর্থ প্রাপ্তি তাৎক্ষনিকভাবে নিশ্চত করবে। পরবর্তীতে অর্থ প্রাপ্তি নিশ্চিত সাপেক্ষে হজযাত্রীকে হজ ব্যবস্থাপনা সিস্টেমে (HMIS) তাঁর পিলগ্রিম আইডি(PID) প্রদানপূর্বক হজ নিবন্ধন কার্যক্রম সম্পদিত হবে। যে সকল প্রাক নিবন্ধিত হজযাত্রী অবশিষ্ট অর্থ জমা প্রদান করে বিষয়টি ব্যাংক নিবন্ধন সিষ্টেমে নিশ্চিত করবে না, তাঁরা হজে গমনে অনিচ্ছুক বলে গন্য হবেন।

০৫। সরকারী ব্যবস্থাপনায় প্রাক নিবন্ধিত ব্যক্তি যদি প্রাক নিবন্ধন বাতিল করতে চান, তাকে ব্যাংকের মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে প্রাক নিবন্ধনের জন্য জমাকৃত ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকার মধ্য হতে প্রাক নিবন্ধন ফি ২০০০.০০ (দুই হাজার) এবং প্রসেসিং ফি ৩০০০.০০ (তিন হাজার) টাকাসহ মোট ৫০০০.০০ (পঁচ হাজার) টাকা কর্তন করে অবশিষ্ট ২৫,০০০.০০ (পচিঁশ হাজার) টাকা ফেরত প্রদান করা হবে।

০৬। মহিলা হজ যাত্রীগণের নিকট হতে তাদের শরিয়ত সম্মত মাহারামের সহিত একত্রে নিবন্ধন করতে হবে।

চলমান পাতা-০২

হজ আমানত জমা নেয়ার জন্য শাখা সমূহকে চলতি হিসাব বহিতে নিম্নবর্নিত সংগ্রহ হিসাব খোলতে হবে ঃ-
২১-চলতি হিসাব/ক-হজ আমানত ২০১৯ ইং।

০৮। ইহা ব্যতীত সমুদয় অর্থ জমা নেয়ার সময় হজ তহবিলের যাবতীয় বিবরণ নিম্ন বর্নিত ছক অনুযায়ী একটি রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে ঃ

ছক 'ক'

অঞ্চলের নাম ঃ

শাখার নাম ঃ

| ক্রঃ নং | হজ আমানতের টাকা জমাদানকারীর নাম, পিতার নাম, মাতার নাম, পূর্ন ঠিকানা | মোবাইল নম্বর | প্রাক নিবন্ধন নম্বর ও পিআইডি নম্বর | টাকা জমাদানের তারিখ ও ভাউচার নম্বর | জমাকৃত টাকার পরিমান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রাক নিবন্ধন ও জামানত ফি | অবশিষ্ট | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

০৯। প্রাক নিবন্ধনপূর্বক হজ আমানতের অবশিষ্ট টাকা গ্রহনের শেষ তারিখ ০৫/০৩/২০১৯ খ্রিঃ । মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় তাদের তাদের অঞ্চলাধীন শাখা সমূহ কর্তৃক অর্থ গ্রহনের তথ্য শাখাওয়ারী একত্র করে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে ০৫/০৩/২০১৯ তারিখ অপরাহ্নের মধ্যে প্রেরণ করবেন। বিভাগীয় কার্য়ালয় উক্ত বিবরনী ০৬/০৩/২০১৯ তারিখ অপরাহ্নের মধ্যে অবশ্যই ই-মেইল (dgmtrade@krishibank.org.bd) এর মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা পৌছানোর ব্যবস্থা গ্রহন করবেন এবং বিবরনীয় হার্ড কপি ঐ দিন কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণ করবেন। বিবরণী প্রেরণের বিষয়টি মোবাইল/ টেলিফোনের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণ করতে হবে। স্থানীয় মুখ্য কার্যালয় সরাসরি অত্র বিভাগে তথ্য প্রেরণ করবেন। কোন অঞ্চলে টাকা জমা না হলে শুন্য বিবরনী প্রেরণ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, যে সকল শাখা কর্তৃক প্রাক-নিবন্ধন ও নিবন্ধনের অর্থ হজে গমনেচ্ছু যাত্রীগনের নিকট হতে গ্রহন করা হবে , তা তাৎক্ষনিকভাবে মেইলযোগে / টেলিফোনের মাধ্যমে আর্ন্তজাতিক বানিজ্য বিভাগকে অবহিত করতে হবে।

১০। প্রাক-নিবন্ধিত হজ যাত্রীগণের নিকট হতে সংযুক্ত পরিশিষ্ট-'ক' অনুযায়ী অঙ্গীকারনামা গ্রহন করতে হবে।

১১। ২০১৯ সনে বাংলাদেশ কৃষি ব্যাংক সর্বোচ্চ পরিমান হজ আমানত সংগ্রহে সংশ্লিষ্ট সকলকে এখন হতে আন্তরিক চেষ্টা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। সকল কর্মকর্তা/কর্মচারীদের আগ্রহ ব্যাপক প্রচার, হজ গমনেচ্ছুকদের সাথে ঘনিষ্ট যোগাযোগ ও আন্তরিক সেবা প্রদানের মাধ্যমেই সর্বোচ্চ পরিমান হজ আমানত সংগ্রহ করা সম্ভব । প্রতিটি শাখায় কমপক্ষে ০২ জন হজযাত্রীর আমানত গ্রহন নিশ্চিত করতে বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রত্যেক শাখায় বড় অক্ষরে ''এখানে হজের টাকা জমা নেয়া হয়" লেখা সম্বলিত ব্যানার শাখার সাইন বোর্ডের নিচে অথবা উপযুক্ত স্থানে যাতে টাঙ্গিয়ে দেয়া হয় তা মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ/ কার্যালয় প্রধানগণ ব্যক্তিগতভাবে নিশ্চিত করবেন।

১২। হজ সংক্রান্ত লেনদেনসহ যে কোন বিষয় অনুধাবন যোগ্য না হলে তা তাৎক্ষনিকভাবে অত্র বিভাগের গোচরে আনতে হবে। এ বিষয়ে সর্বক্ষনিক যোগাযোগের জন্য অত্র কার্যালয়ের নিম্নবর্নিত ০৪( চার) জন কর্মকর্তার নাম ও মোবাইল নং নিম্নে উল্লেখ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | বিভাগ | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ আবদুল মান্নান | উর্ধতন মুখ্য কর্মকর্তা | আর্ন্তজাতিক বানিজ্য বিভাগ | ০১৭১২-১৫১২১২ |
| ০২। | জনাব মোঃ তৌহিদুর রশীদ | উর্ধতন মুখ্য কর্মকর্তা | আইসিটি অপারেশন বিভাগ | ০১৭১৭-০৬২০৭২ |
| ০৩। | জনাব এস.এম.সোহেল রানা | মুখ্য কর্মকর্তা | আর্ন্তজাতিক বানিজ্য বিভাগ | ০১৭১২-২৫৫৭০১ |
| ০৪। | জনাব কাজী ইরফান বিন ইউসুফ | সহকারী প্রোগ্রামার | আইসিটি সিষ্টেম,কার্ড ও মোবাইল বিভাগ | ০১৯৭১-৭৫১৯১৭ |

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ননা মোতাবেক।

২০.০২.২০১৯

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

চলমান পাতা-০৩

আঃবাঃবিঃ ১৩(০৪)/২০১৮-২০১৯/ ১২১০(১৭৬) তারিখ ঃ ২০ -০২-২০১৯

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।

০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ও ২ মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা, ঢাকা।

০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/সকল বিভাগীয় কার্যালয়।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব,/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ( হজ্ব সংক্রান্ত পত্রখানি ও হজ্ব প্যাকেজ ২০১৯খ্রিঃ/১৪৪০ হিজরী ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিষ্টেম,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সমূহ।

০৬। উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখা সমূহ।

০৭। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর-১৩, ঢাকা।

০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। তাঁদের নিকট প্রেরিত হজ্ব সংক্রান্ত পত্রখানি জরুরী ভিত্তিতে অঞ্চলভূক্ত সকল শাখাসমূহে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

১০। সকল শাখা ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

১১। নথি/ মহানথি।

২০/০২/১৯

(মোঃ আবদুল মান্নান)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

প্যাকেজ নং--------

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
.......................................শাখা
...................................... অঞ্চল
উপজেলা- ------------------------
জেলা- ------------------------

বিষয়ঃ হজ ২০১৯ টাকা জমা প্রসঙ্গে

আমি (ক) পূর্ণ নাম ঃ.............................................. (খ) পিতা/স্বামীর নামঃ ................................................ (গ) মাতার নামঃ ......................................... (ঘ) বয়স ............(ঙ) জাতীয়তা ঃ ......................... (চ) পেশা ঃ ...................... (ছ) ঠিকানাঃ গ্রামঃ........................ ডাকঘর ঃ ......................... উপজেলাঃ............................জেলা.........................টেলিফোন/মোবাইল নম্বরঃ........................................ জাতীয় পরিচয় পত্র নং/জন্ম নিবন্ধন নং (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ.......................................................প্রাক-নিবন্ধিত ট্র্যাকিং নম্বরঃ...................................... সরকারী ব্যবস্থাপনায় ------------ সনে পবিত্র হজ্জব্রত পালন করতে আগ্রহী এবং মক্কা শরীফ ও মদীনা শরীফে সরকার কর্তৃক ভাড়া করা বাড়ীতে অবস্থান করতে ইচ্ছুক। এমতাবস্থায় সরকারী নির্দেশনা অনুযায়ী আমার নিকট হতে................................ (কথায় ......................................................................) টাকা জমা গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

০২। আমার মাহ্‌রাম জনাব...................................................... পিতাঃ ............................................. মাতাঃ ........................................ গ্রাম ঃ ................................. ডাকঘর ঃ .................................... উপজেলা ঃ......................... জেলা ঃ ......................... যাহার সহিত সম্পর্ক .......................................। তিনি অদ্য .......................... তারিখে .......................... টাকা জমা প্রদান করেছেন। রশিদের ফটোকপি সংযুক্ত করা হল।

০৩। আমার মৃত্যু ঘটিলে আমার জমাকৃত সমুদয় টাকা সরকার কর্তৃক ফেরৎ দানের সিদ্ধান্ত গৃহীত হলে উক্ত টাকা ফেরৎ গ্রহণ করার জন্য জনাব......................................................পিতা/স্বামী ঃ ................................................ মাতাঃ .................................... গ্রামঃ ................................ ডাকঘর ঃ ............................ উপজেলাঃ..................... জেলাঃ ......................... টেলিফোন/মোবাইল নম্বরঃ.......................................... জাতীয় পরিচয় পত্র নং ঃ...................................................... কে মনোনীত করলাম, যার স্বাক্ষর নিম্নে সত্যায়িত করা হল।

আপনার বিশ্বস্ত-

স্বাক্ষর ঃ
নাম ঃ
তারিখ ঃ
পাসপোর্ট নং ঃ

